

পত্র প্রাপ্ত  
ডকেট নং ২০১৮  
তারিখ ০৯/০৮/১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

সংস্কৃত শিক্ষা এবং কৃষিক্ষেত্র  
একটি প্রকল্প।

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.২৭.০২৬.২০১৬/ ২২৪

তারিখ: ১৭ আগস্ট/২০১৬ খ্রি:

বিষয়: সন্থাস ও জঙ্গিবাদ প্রতিরোধে কার্যক্রম গ্রহণ সংক্রান্ত।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের অধিশাখা-১০ (মাধ্যমিক-১) এর স্মারক নং- ৩৭.০০.০০০০.৭১.০৯.০০১.১৫.৬৯৪ তারিখ: ১৪ আগস্ট, ২০১৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়ের অধিশাখা-১০ (মাধ্যমিক-১) থেকে প্রাপ্ত পত্রের আলোকে সন্থাস ও জঙ্গিবাদ প্রতিরোধে কার্যক্রম গ্রহণ সংক্রান্ত নিম্নবর্ণিত বিষয়ের আলোকে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং গৃহীত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসের ৩য় দিনে (সরকারি ছুটি থাকলে পরবর্তী কার্যদিবসে) কলেজ শাখা-১ এ হার্ড কপি ও ই-মেইলে (ddgovtcollege@gmail.com.bd) এ Nikosh Ban ফন্টে Word Document হিসেবে) প্রেরণ করতে হবে।

কর্মপরিকল্পনা প্রণয়নে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণীয়:

১. সরকারি-বেসরকারি কলেজ ও সকল শ্রেণীর মাদ্রাসায় নিয়মিত ও বাধ্যতামূলকভাবে সাংস্কৃতিক কর্মকান্ড, খেলাধুলা, স্কাউটিং ও সময় ভিত্তিক বিভিন্ন ধরণের সৃজনশীল কর্মকান্ড ভিত্তিক প্রতিযোগিতার আয়োজন নিশ্চিত করতে হবে।
২. কোন শিক্ষা প্রতিষ্ঠানে ২ সপ্তাহের বেশী সময় যৌক্তিক কারণ ব্যতীত কোন শিক্ষার্থী অনুপস্থিত থাকলে তার তথ্যাদি নিয়মিত পরিবীক্ষণ করতে হবে এবং তালিকা প্রণয়ন পূর্বক প্রেরণ করতে হবে।
৩. কলেজগুলোতে নিয়মিত অভিভাবক-শিক্ষক, ছাত্র-ছাত্রী সমন্বয়ে অভিভাবক সমাবেশ আয়োজন করা এবং নিয়মিত জাতীয় পতাকা উত্তোলন এবং জাতীয় সংগীত পরিবেশন নিশ্চিত করা সহ দৈনন্দিন প্রাত্যহিক সমাবেশে সন্থাস ও জঙ্গিবাদ বিরোধী কাউন্সেলিং করার উদ্যোগ গ্রহণ করতে হবে।
৪. কলেজগুলোতে সন্থাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে নিয়মিত এডভোকেসি করার উদ্যোগ নিতে হবে।
৫. সন্থাস-জঙ্গিবাদ, মানকতা ইত্যাদি প্রতিরোধে একটি স্ট্যান্ডার্ড ফর্মে অভিভাবকদের করণীয়, ছাত্র-ছাত্রীদের জন্য করণীয় ও বর্জনীয় এবং শিক্ষক-অভিভাবকদের জন্য অনুসরণীয় নির্ধারণ করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিলবোর্ড আকারে দৃশ্যমান স্থানে টানিয়ে দেয়ার ব্যবস্থা নিতে হবে।
৬. সন্থাস ও জঙ্গিবাদকে আদর্শগতভাবে মোকাবেলার জন্য প্রয়োজনীয় কর্ম-কৌশল প্রণয়ন করে কার্যক্রম গ্রহণ করতে হবে।
৭. মুক্তিযুদ্ধের চেতনা ও দেশাত্মবোধ সৃষ্টি এবং সন্থাস জঙ্গিবাদে নিরুৎসাহিত করণের লক্ষ্যে শিক্ষা কার্যক্রমে প্রয়োজনীয় উপকরণ ব্যবহার নিশ্চিত করতে হবে।

এমতাবস্থায় উল্লিখিত বিষয়ের আলোকে কর্মপরিকল্পনা প্রণয়ন এবং কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি বর্ণিত সময়ের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(এ. কে. এম হাসান)  
সহকারী পরিচালক (কলেজ-৪)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

অধ্যক্ষ

সরকারি কলেজ, সন্থাস

অনুলিপি অবগতির জন্য-

- ১। আঞ্চলিক পরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/খরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/ময়মনসিংহ/সিলেট।
- ২। সংশ্লিষ্ট নথি।